

## সরকারি বিদ্যালয়ে ১০ হাজার শিক্ষক নিয়োগের প্রক্রিয়া চূড়ান্ত

দেশের সরকারি বিদ্যালয়সমূহে ১০ হাজার প্রধান শিক্ষক ও ৮ হাজার শিক্ষক নিয়োগের জন্য সরকার সকল প্রক্রিয়া চূড়ান্ত করেছে। এছাড়া বিভিন্ন প্রকল্পের আওতায় অতিরিক্ত প্রতিটি শ্রেণী কক্ষের জন্য ১ জন করে প্রায় ৬ হাজার সহকারী শিক্ষক নিয়োগের প্রক্রিয়া জোরদার করা হয়েছে। শিক্ষা মন্ত্রণালয়ের একটি সূত্র এ কথা জানিয়েছে।

৩ সূত্র জানায়, দীর্ঘদিন ধরে এই পদগুলো শূন্য থেকে শিক্ষা কার্যক্রম ব্যাহত হওয়ার পরিস্থিতিতে মন্ত্রণালয় এই পদক্ষেপ গ্রহণ করেছে। ইতিমধ্যে ২ হাজার ৮৭০ জন সহকারী শিক্ষক নিয়োগ দেওয়া হয়েছে।

সূত্র আরো জানায়, প্রাথমিক শিক্ষা সংশ্লিষ্ট সকল কর্মকর্তা এবং কর্মচারীর দক্ষতা বৃদ্ধির জন্য প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়া হয়েছে। এর মধ্যে রয়েছে প্রাথমিক এবং গণশিক্ষা বিভাগের ১৪২ জন কর্মকর্তাকে কম্পিউটার বিষয়ে প্রশিক্ষণ প্রদান, ৬৮০ জন কর্মচারীকে আর্থিক ব্যবস্থাপনা বিষয়ে এবং সকল উপজেলা শিক্ষা অফিসের ১ জন কর্মচারীকে অডিট বিষয়ে প্রশিক্ষণ দান। এছাড়া ৪৫টি জেলা শিক্ষা অফিসের ডাটা এন্ট্রি অপারেটরদের ডাটাবেজ একসেস বিষয়েও প্রশিক্ষণ দেওয়া হয়েছে।